

প্রেস রিলিজ
২৯ নভেম্বর ২০২৪


বাউবি উপাচার্য এর বিএ/বিএসএস পরীক্ষা কেন্দ্র পরিদর্শন



শিক্ষার গুণগত মান বজায় রেখে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.এবিএম ওবায়দুল ইসলাম আজ ২৯/১১/২০২৪ তারিখ শুক্রবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ/বিএসএস পরীক্ষা - ২০২২ এর ঢাকা সিটিতে অবস্থিত শেখ বোরহান উদ্দিন পোস্ট গ্রাজুয়েট কলেজ, নাজিম উদ্দিন রোড, সলিমুল্লাহ ডিগ্রি কলেজ, ওয়ারী ও ইস্পাহানী সরকারি কলেজ, কেরানীগঞ্জ পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষা পরিদর্শনকালে এ কথা বলেন।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে উপাচার্য অসাধুপায় (নকল) অবলম্বনের দায়ে মোট ২৮(আটাশ)জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। এ সময়ে তিনি শিক্ষার্থীদেরকে কঠোরভাবে সতর্ক করেন এবং নকল প্রবনতার অসৎ চিন্তা পরিহার করে পড়াশোনার প্রতি মনোযোগী হওয়ার আহ্বান জানান। বিএ/বিএসএস প্রোগ্রামের ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের এ পরীক্ষাসমূহ দেশব্যাপী ২৮৫ পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হয়। এ পরীক্ষা আগামী ১ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত চলবে।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে উপাচার্যের সঙ্গে ছিলেন, তাঁর একান্ত সচিব (যুগ্ম-পরিচালক) মোঃ নাসির উদ্দিনসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইল নং: ০১৭১১২০৭৬৯৮